

দিল্লিতে কূটনীতিকরা উদযাপন করলেন তৃতীয় আন্তর্জাতিক যোগ দিবস

পররাষ্ট্রমন্ত্রক, আয়ুষ মন্ত্রকের সঙ্গে সহযোগিতায় তৃতীয় আন্তর্জাতিক যোগ দিবস (আইডিওয়াই) উপলক্ষে প্রথমবার দিল্লিতে একটি বিশেষ যোগ সেশনের আয়োজন করেছিল, যা নিঃসন্দেহে একটি অনন্য উদ্যোগ, এতে অংশ নিয়েছিলেন বিভিন্ন কূটনৈতিক ক্ষেত্রে নিযুক্ত ১০০-এর মতো কূটনীতিক। প্রবাসী ভারতীয় কেন্দ্রে এই অনুষ্ঠানের নেতৃত্ব দিয়েছিলেন পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুসমা স্বরাজ এবং অংশ নিয়েছিলেন পররাষ্ট্রমন্ত্রকের আধিকারিকরা।

অনুষ্ঠানের শুরুতে তাঁর সংক্ষিপ্ত ভাষণে পররাষ্ট্রমন্ত্রী পুনর্ব্যক্ত করেন, ২০১৪ সালে প্রধানমন্ত্রী মোদীকে আন্তর্জাতিক সমর্থনের বিষয়টি, যখন তিনি আবেদন রেখেছিলেন ২১ জুলাই আন্তর্জাতিক যোগা দিবস হিসাবে পালন করার বিষয়ে। তিনি জোর দেন যে, যোগা শুধুমাত্র ভারতে নয়, বিশ্বব্যাপী ছড়িয়ে রয়েছে এবং এটি আমাদের সুস্থ রাখতে এবং সম্পর্ক মজবুত রাখার একটি সম্পূর্ণ প্রক্রিয়া, প্রকৃতির পাশাপাশি গোটা বিশ্বের সঙ্গে। যোগাকে মানবজাতীর পক্ষে গুরুত্বপূর্ণ ঐতিহ্য হিসাবে ইউনেস্কোর ঘোষণায় দারুণভাবে সমর্থন জানানোর জন্য পররাষ্ট্রমন্ত্রী ধন্যবাদ জানান আন্তর্জাতিক সম্প্রদায়কে, পাশাপাশি ধন্যবাদ জানান বিশ্বের গুরুত্বপূর্ণ স্থানে এবং সব দেশের রাজধানীতে গত তিন বছর ধরে সাড়ম্বরে আন্তর্জাতিক যোগা দিবস পালন করার জন্য।

কূটনৈতিক প্রতিনিধি দলের ডিন, রাষ্ট্রদূত বা হাই কমিশনার, এবং বিভিন্ন দেশের কূটনীতিবিদরা শারীরিক কসরত, প্রাণায়ামে অংশ নেন এবং গোটা বিশ্বে যোগব্যায়াম অনুশীলনকারীদের উৎসাহ প্রদান করেন। যোগ দিবসে বিপুল উদ্যম এবং উদ্দীপনা চোখে পড়ে এবং প্রবাসী ভারতীয় কেন্দ্রের অডিটোরিয়ামে বহু মানুষ অংশ নেন।

পররাষ্ট্রমন্ত্রী গুরুত্ব আরোপ করেন যে, যোগা বিশ্ব শান্তির বার্তা বহন করে এবং এই ধরনের বিশেষ অনুষ্ঠান শান্তি, সৌভ্রাতৃত্ব এবং ঐক্যের বার্তা বহন করে। অনুষ্ঠানে ১১টি সংস্কৃত শ্লোকের তর্জমা করা হয়, যার প্রতিটি শেষ হয় শান্তি, শান্তি, শান্তি উচ্চারণের মধ্য দিয়ে।

নয়াদিল্লি

জুন ২১, ২০১৭